



উপজেলা পরিক্রমা চরভদ্রাসন

সদরপুর (ফরিদপুর), ১০ এক্টি ফসল (সংবাদদাতা)।— বাংলাদেশের মানচিত্রে এখনও এমন একটি উপজেলা রয়েছে, যেখানে মাত্র এক ইঞ্চি পরিমাণে পাকা সড়ক নেই। শুধু পাকা সড়কই নয়— নেই আরো অনেক কিছুই। সেই উপজেলার নামই চরভদ্রাসন।

ফরিদপুর জেলা সদর থেকে মাত্র ১৬ মাইল দূরবর্তী পদ্মার তীর থেঁথে গড়ে ওঠা চরভদ্রাসন উপজেলা ৬৪ বর্গমাইল। এলাকা নিয়ে গঠিত হলেও এর ৪০ ভাগ কৃষ্ণ এখনও পদ্মা গর্ডে। চরভদ্রাসনের পাইকান্দা, চরভদ্রাসন এবং গাজীরটেক ইউনিয়ন নিয়ে গঠিত অনুমত চরভদ্রাসন উপজেলার লোক সংখ্যা মোট ৬৪ হাজার ৭১ জন।

যোগাযোগ

চরভদ্রাসন উপজেলা সদরে যোগাযোগের কোন সুব্যবস্থা আজ পর্যন্ত গড়ে ওঠেনি। সড়ক ও জনপথ বিভাগ, জেলা পরিষদ এবং উপজেলা পরিষদ কর্তৃক সড়ক নির্মাণের প্রচেষ্টা সঙ্গেও ৩/৪ মাইলের বেশী এ যাবত কেউ এন্ততে পারেনি। অন্যদিকে বছরের নয় মাস সময়েই ভুবনেশ্বর নদীর তলদেশ শুষ্ক থাকায় সামান্য নৌকা পর্যন্তও চলাচল করতে পারে না। এছাড়া পদ্মার তীরে অবস্থিত হওয়া সঙ্গেও চরভদ্রাসন উপজেলার স্থানে কোন লক্ষ যোগাযোগ নেই। এ উপজেলায় মাত্র ৮১ মাইল কাঁচা সড়ক থাকলেও বর্ষা মৌসুমে তা চলাচলের অনুপযোগী হয়ে পড়ে।

কৃষি

চরভদ্রাসন উপজেলায় আবাদী জমির

পরিমাণ মোট ২৭ হাজার ৭শ' একর। এর মধ্যে এক ফসলী জমি রয়েছে ৯ হাজার ১শ' ১১ একর, দু'ফসলী জমি ১৪ হাজার ২৩ একর এবং তিন ফসলী ৮ হাজার ৮শ' ৩০ একর। মোট জমির মাত্র ১শ' ৪৩ একর জমিতে সেচের ব্যবস্থা রয়েছে। এছাড়া অনাবাদী জমির পরিমাণ ১৩ হাজার ২শ' ৫০ একর।

শিক্ষা

চরভদ্রাসন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান খুব সীমিত। মাত্র ১টি কলেজ, ৩টি হাই স্কুল, ১টি বালিকা বিদ্যালয়, একটি ভূনিয়র হাই স্কুল, ৩২টি সরকারী ও ৬টি বেসরকারী আধুনিক বিদ্যালয় এবং ৪টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। চরভদ্রাসন উপজেলায় শিক্ষার্থীর সংখ্যা ৭ হাজারেরও বেশী। অথচ সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানেই বিরাজ করছে হাজারো এবং বহুবৃদ্ধি সমস্যা।

স্বাস্থ্য

চরভদ্রাসন উপজেলায় ৩১ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল, একটি দাতব্য চিকিৎসালয় ও দু'টি পরিবার পরিকল্পনা ক্লিনিক রয়েছে। তবে হাসপাতালের খাতাপত্রে ৯ জন চিকিৎসকের পদ থাকলেও উপস্থিত রয়েছেন অর্ধেকেরও কম। অন্যদিকে স্থানীয় জনসাধারণ অভিযোগ করেছেন যে, হাসপাতাল থেকে রোগীদেরকে ঠিকমত ওবৃথ এবং ব্যবস্থাপত্র দেয়া হয় না এবং রোগীদেরকে নিজমানের খাদ্য পরিবেশন করা হয়। এছাড়া হাসপাতালের অপরিচ্ছম পরিবেশ রোগীদের জীবনের প্রতিকূল অবস্থার সৃষ্টি করে।